R. N. No. 2532/57

Regd. No. C. 853

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট *
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার
সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস,
ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

৬০শ বর্ষ
২৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১২ই অগ্রহায়ণ, বুধবার, ১৩৮০ সাল।
২৮শে নভেম্বর, ১৯৭৩ সাল।

নগদ মূল্য : ১০ পয়সা
বার্ষিক ৫৲, সডাক ৬৲

## পুলিশী তাণ্ডবে বাসুদেবপুর সন্ত্রস্ত নারী নির্যাতনের বিরুদ্ধে গ্রামের মানুষ প্রতিবাদ মুখর

( নিজস্ব প্রতিনিধি )

রঘুনাথগঞ্জ, ২৭শে নভেম্বর —১৭ই নভেম্বর বাংলা বনধের পর গতকাল পর্যন্ত গ্রেপ্তারের অজুহাতে পুলিশের অমানুষিক অত্যাচারে বাসুদেবপুর, চাঁদনিদহ, নয়ালোহরপুর, প্রতাপগঞ্জ প্রভৃতি গ্রামের মানুষ সন্ত্রস্ত হয়ে পড়েছেন। তাঁদের কাছ থেকে জানা গেল, পুলিশের ভয়ে তাঁরা বিনিদ্র রজনী যাপন করছেন। সেই সঙ্গে ধিক্কার জানাচ্ছেন সামসেরগঞ্জ থানার পুলিশ এবং সি, আর, পি বাহিনীকে যারা ১৮ই নভেম্বর গভীর রাত্রে নিরীহ গ্রামবাসীর দরজা ভেঙ্গে একই সঙ্গে চালিয়েছে তাণ্ডবলীলা, নির্যাতন। বাসুদেবপুরের রাকেবের স্ত্রী নুরবানুর নারীত্বের অবমাননা করেছে তারা। আরও আছে। ঐ গ্রামেরই কালুর মেয়ে সামনুর, মাজু সেখের স্ত্রী, মর্জেম সেখের বোন রাইতুন্নেসা এবং সুলতান্নাসা, হেরেসের স্ত্রী হালেমা খাতুন, বেলাল সর্দারের মেয়ে এবং সিদ্দিকের স্ত্রী —এঁরা প্রহৃতা ও অপমানিতা হয়েছেন। ওঁদের অপরাধ ওঁরা নাকি বাড়ীর পুরুষদের লুকিয়ে রেখেছিলেন। ওঁদের স্বামী-ভাই-বাবাদের অপরাধ তাঁরা নাকি বনধের দিন পুলিশকে ঢিল মেরে ঘায়েল করেছিলেন।

বাসুদেবপুরে যেখানে গিয়েছি সেখানে অত্যাচারিত নির্যাতিত মানুষ ভিড় করেছেন, অভিযোগ করেছেন, নির্দ্বিধায় নারী নির্যাতনের কথা বিস্তারিতভাবে বলেছেন। সি, আর, পি এবং পুলিশ ঐ রাত্রে লোকমানের বাড়ীর দরজা শাবোল দিয়ে ভেঙ্গে ভেতরে ঢুকেছে, লোকমান আর তার ভাই হেরেসকে বে-ধড়ক পিটিয়েছে, বাঁধার জন্য রসা আনতে গিয়ে না পেয়ে হেরেসের স্ত্রীকে মেরেছে। রাইতুন্নেসাকে জিজ্ঞেস করতেই বললেন, "কি কহাছো, পুলিশ? হামাকে, হামার বোহিনকে দু'চার ঘুস্যা মের‍্যাছে।" একইভাবে অত্যাচার চালানো হয়েছে চাঁদনিদহ গ্রামে গত ২৩শে নভেম্বর রাত্রে।

১৭ই নভেম্বর পুলিশের শেষ রাউণ্ডের গুলিতে নিহত কিশোর এরাদত সেখের (১৫) অভিভাবক জানালেন, সে কোন পার্টি করতো না। বিড়ি বেঁধে সপ্তাহে কুড়ি টাকা বাড়ীতে দিত। ঘটনার দিন সে ট্রেণ অবরোধ দেখতে গিয়েছিল, আর ফেরেনি। মা নেই ; তিন ভাই, তিন বোন। বাবা হীরু সেখ মজুর খাটেন। বললেন, কাজের ছেলে ছিল। মারা যাওয়াতে অর্দ্ধাহার অনাহারে দিন কাটাতে হচ্ছে। মৃতদেহ কবর দেওয়ার জন্য কর্জ করে ৪০

—শেষ পৃষ্ঠায় দেখুন

## মুর্শিদাবাদ জেলায় অতিরিক্ত কর্ম্মসংস্থান কর্ম্মসূচী

( নিজস্ব প্রতিনিধি )

বহরমপুর, ২৫শে নভেম্বর—অতিরিক্ত কর্মসংস্থান কর্মসূচীর অন্তর্ভুক্ত ট্রেণিং স্কীমে ষ্টাইপেণ্ডসহ এই জেলায় ১৫ নভেম্বর পর্যন্ত ৭০১ জন শিক্ষিত বেকারের প্রশিক্ষণ শুরু হয়েছে। এর মধ্যে ডিপ্লোমা এবং ডিগ্রীধারী ৮০ জন বেকার ইঞ্জিনিয়ার আছেন। ট্রেণিং ইন টেলারিং-এ ৩২ জন পুরুষ এবং ৫৯ জন মহিলাকে ১লা সেপ্টেম্বর থেকে, ট্রেণিং রেডিও মেকিং এ্যাণ্ড রিপেয়ারিং স্কীমে ৩০ জনকে ১৪ই নভেম্বর থেকে, ট্রেণিং ইন দা অপারেশন অফ রিভার লিফট্ এ্যাণ্ড ডিপ টিউবওয়েল প্রকল্পে ৮ জন ইঞ্জিনীয়ারিং ডিগ্রী হোল্ডার ও ১২ জন ইঞ্জিনীয়ারিং ডিপ্লোমা হোল্ডার এবং ১৬০ জন উচ্চমাধ্যমিক ও স্নাতককে ২০শে অক্টোবর থেকে, ট্রেণিং ইন ইলেভেন ট্রেডস্ প্রকল্পে ২৮৫ জনকে ১২ই নভেম্বর ও ১লা অক্টোবর থেকে এবং অন দা জব ট্রেণিং-এ ৫৫ জন বেকারকে প্রশিক্ষণদান শুরু হয়েছে। সাবসিডিয়ারিজড্ এমপ্লয়মেন্ট প্রোগ্রামে ২০ জনকে সিলেক্ট করা হয়েছে এবং ট্রেণিং ইন সেরিকালচার স্কীমে ৩৫০ জন ছেলেকে ট্রেণিং দেওয়া হবে, সিলেক্ট চলছে। ব্যাঙ্কের সহায়তায় এগ্রো সার্ভিস সেণ্টার ৫২টা এই জেলায় হওয়ার কথা, ৮টি প্রকল্প ইতিমধ্যেই চালু করা হয়েছে। এই প্রকল্পে মোট মূলধনের ৯০% ভাগ ব্যাঙ্ক এবং ১০% ভাগ দেবেন সরকার।

মারজিন মানি স্কীমে এখন পর্যন্ত ৫০টি প্রকল্প ব্যাঙ্কে পাঠনো হয়েছে। তার মধ্যে ২টি প্রকল্প অনুমোদন করা হয়েছে এবং ৭টি প্রকল্পের অনুমোদন হ'তে চলেছে। অটো রিকশায় মূলধন লাগানো হয়েছে ১০ হাজার টাকা, ৮০ জনকে সিলেক্ট করা হয়েছে। তাদের প্রশিক্ষণ দেওয়া হবে। হাউস ডেয়ারী স্কীমে ১৫০ জন আবেদনকারীর দরখাস্ত ব্যাঙ্কে পাঠানো হয়েছে, তার মধ্যে ৪২ জনকে হরিণঘাটায় প্রশিক্ষণ দেওয়া হয়েছে গত বৎসর। তাছাড়াও রিফিউজিদের জন্য একটি বিশেষ প্রকল্পে ৫৭ জন স্নাতক এবং ১৬০ জন স্কুল ফাইনাল ও হায়ার সেকেণ্ডারী পাশ বেকারকে সিলেক্ট করা হয়েছে ( পুরুষ এবং মহিলাসহ )।

এই সমস্ত প্রকল্পে প্রশিক্ষণ শেষে বেকারদের ব্যাঙ্কের সাথে যোগাযোগ করার ব্যবস্থা করা হচ্ছে যাতে তাঁরা নিজেদের পায়ে দাঁড়াতে পারেন। প্রকল্প তৈরীর ব্যাপারে যোগাযোগ করার জন্য ইণ্ডাষ্ট্রিয়াল অফিসে ইনফরমেশন সেল খোলা হয়েছে। সম্প্রতি এক বৈঠকে মুর্শিদাবাদের জেলা-শাসক শ্রীরথীন দে উপরোক্ত তথ্যগুলি সাংবাদিকদের জানান।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং ( প্রাঃ ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ )
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে রাসায়নিক সার ব্যবহার করুন

এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট

**ক্ষুদিরাম সাহা চারুচন্দ্র সাহা**

( জেনারেল মার্চেন্টস্ এণ্ড অর্ডার সাপ্লায়ার্স )

পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১২ই অগ্রহায়ণ, বুধবার সন ১৩৮০ সাল।

## হাহাকার, ছত্রাকার, পর্বতাকার

কাশীপুরে ফুড করপোরেশনের গুদামগুলিতে খাদ্যদ্রব্য বিনষ্ট ( আনন্দবাজার ২২/১১/৭৩ )। হাওড়ায় শালিমার রেলগুদামে পর্বতপ্রমাণ চিনি-ডাল-তেল খালাস করা হইতেছে না ( আনন্দবাজার ২৩/১১/৭৩ )। ধন্যবাদ ফুড করপোরেশনের তাবৎ শত শত কুশলী বৃহৎ-মাঝারি-ছোট তত্ত্বাবধায়কদের যাঁহাদের কর্মতৎপরতায় তিন লক্ষ কিলো আঠাদশা প্রাপ্ত বিবর্ণ চিনি মিছরি-লজেন্স অথবা মদ তৈয়ারীর প্রতীক্ষায়; ছ' হাজার কিলো চাল বেচাল, আঠার হাজার কিলো গম দুর্গম এবং পঞ্চাশ হাজার কিলো মুসুর ডাল স্যাঁতাপড়া। ধন্যবাদ শালিমার রেলগুদামের মাল-খালাস-না-করা ব্যবসায়ীদের যাঁহাদের কৃপায় বাজারে সব সময় কৃত্রিম অভাব সৃষ্ট হইতেছে; দর উঠিলেই যথেষ্ট মিলিতেছে; কাবু ক্রেতাকুল অদৃষ্টকে ধিক্কার দিতেছে। ধন্যবাদ রাজ্যখাদ্যদপ্তরের প্রধানকে যিনি অনুগ্রহপূর্বক কাশীপুরের গুদামগুলি স্বচক্ষে দেখিয়া তদন্ত করিয়াছেন; ধন্যবাদ মুখ্যমন্ত্রীকে যিনি সাংবাদিকদের আশ্বাস দিয়াছেন যে, উক্ত তদন্ত-রিপোর্ট পাইলে কী করা যায় দেখিবেন এবং শেষ ধন্যবাদ কাহাকে দিব জানি না, যাঁহার দয়ায় গুদামগুলিকে মেরামত করা হইতেছে।

মুখের গ্রাস লইয়া প্রতিকারহীন সার্বিক পাপাচার ও জীবন-যন্ত্রণার একদিকে সাধু-ব্যবসায়ী—মজুতদারী ও মুনাফাবাজীর মন্ত্রসিদ্ধ, যাঁর দোর্দণ্ড-প্রতাপে সরকারও 'ভদ্রলোকের চুক্তি' করেন; কর্তব্যপরায়ণ সকল স্তরের আমলা-ফয়লা যাঁহাদের কীর্তি শুধু কাশীপুরে নয়, সর্বত্র, আর অন্যদিকে জনগণ হিতৈষী রাজ্য সরকারের খাদ্যদপ্তর যেখানে কাজের পরিচয় কমিটি গঠনে এবং খাদ্যসামগ্রীর অভাব ও মূল্যবৃদ্ধিরোধের অপারগতায়। বাস্তব সত্য: একমুঠা ভাত, একটু ডাল ও দু'খানি শুকনা রুটি যোগাড় করিতে লোকের চরম নাকাল; পোরট কমিশনারসের কাঁটাপুকুর গুদামে রক্ষিত ৫৮ হাজার বস্তা চিনির বেসরকারী মালিকসংস্থা বুক ফুলাইয়া উচ্চমূল্যে বেচিতে পারেন অথচ রেশনে পাওয়া যায় না; আংশিক রেশন ব্যবস্থা এক ঠাট্টাবিশেষ, তাহারও 'এস্-ও-এস্' ডাক।

অবহেলায় খাদ্যের অপচয়, কারসাজিতে ব্যবসায়ীর উপচয় এবং খাদ্যনীতিতে ক্রমব্যর্থতার পরিচয়—ইহাই আজিকার চিত্র।

---

## জটরোলে-গ্যাসোলে গাড়ীর জোরকদম

পশ্চিম এশিয়ায় সাম্প্রতিক যুদ্ধের ফলশ্রুতি: পূর্ব ও পশ্চিম দুনিয়ার ক্ষুদ্র-বৃহৎ বহু রাষ্ট্রে পেটরোলিয়মের অভাব। আরব রাষ্ট্রগুলি তেল না দেওয়া অথবা কম দেওয়ার জন্য তৈলের হাহাকার শ্রুত হইতেছে।

মুস্কিল আসান সর্বত্র এবং সর্বকালেই আছে। খবরে প্রকাশ, বারাণসীর জনৈক ইকবাল সিং নাকি রন্ধনকার্যে ব্যবহৃত গ্যাসের দ্বারা গাড়ী চালাইয়াছেন। সিলিণ্ডারে রক্ষিত গ্যাস গাড়ীর পিছন দিকে থাকিবে। এক সিলিণ্ডার গ্যাসের দাম পড়িবে ২৫ টাকা এবং তাহাতে ৪০০ কি.মি. পথ গাড়ী চলিবে। আরও খবর আছে। এক মার্কিন প্রযুক্তিবিদ পেটরোলের বদল জলকে বিশ্লেষণ করিয়া প্রাপ্ত হাইড্রোজেন দ্বারা গাড়ী চালাইবার ট্যাঙ্ক বাহির করিয়াছেন। গাড়ীর পেটরোল ট্যাঙ্কে জল-বিশ্লেষণের ব্যবস্থা থাকিবে। এই বাবদ খরচ হইবে ৭০০ টাকা। দাম যাহাই লাগুক, নব উদ্ভাবিত পন্থা দুইটিতে উদ্বাহু হইয়া নৃত্যের অবকাশ আছে। কেন না, বিরূপ তৈলাঢ্য দেশকে অধিকতর তৈল-প্রদান করিবার প্রয়োজন রহিবে না।

তবে উল্লেখিত যে কোনও একটি যন্ত্র ভারতের বাজারে যত তড়িঘড়ি মিলে, ততই মঙ্গল। পেটরোলের দরবৃদ্ধিতে এবং অপ্রাপ্যতায় কোন কোন নেতা ঘোড়ার গাড়ী, গরুর গাড়ী প্রভৃতিতে চড়িতে আরম্ভ করেন। হয়ত বা উট-খচ্চরাদিতেও চড়িতে হইত। আর সে দুর্দিন থাকিল না। সিং-সিলিণ্ডারের **গ্যাসোল** ও মার্কিন সাহেবের **জটরোল**—উভয়ের দরে সস্তা; ব্ল্যাক না হইলে এই গরীব দেশের উপযুক্ত। তবে প্রশ্ন এই যে, জোর কদমে গাড়ী ছুটাইতে গৃহিণীদের মুখভার অথবা জলের কনট্রোল হইবে না ত?

---

### ৪৬০ লিটার কেরোসিন আটক

সাগরদীঘি, ১৬ই নভেম্বর—মনিগ্রামের দু'জন কেরোসিন ডিলার জয়দেব সাহা এবং অজিত খামারুর দোকান থেকে যথাক্রমে ৪০০ লিটার এবং ৬০ লিটার হিসাব বহির্ভূত কেরোসিন তেল আটক করেছেন খাদ্য ও সরবরাহ বিভাগের স্থানীয় পরিদর্শক শ্রীজে, এন, কাঞ্জিলাল গত ১১ই নভেম্বর। এম, এল, এ, যুবকংগ্রেস এবং ছাত্রপরিষদ কর্মীরা সেই তেল পরদিন ন্যায্যমূল্যে গ্রামবাসীদের বিক্রী করেন।

## টি, বি রোগীদের ঘি আত্মসাৎ-এর অভিযোগ, তদন্ত দাবি

( ষ্টাফ রিপোর্টার )

সাগরদীঘি, ২৪শে নভেম্বর—সাগরদীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জনৈক কর্মচারী ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার ডাঃ মণ্ডলের বিরুদ্ধে রাষ্ট্রসংঘের ইউনিসেফের দান করা ২৮ টিন বা ১৪০ কেজি হল্যাণ্ডের উপাদেয় টি, বি রোগীদের ঘি আত্মসাৎ-এর অভিযোগ এনে পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়ে আর্জি পাঠিয়েছেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সমীপে গত ৩০শে অক্টোবর। এই স্বাস্থ্যকেন্দ্রে ১৪২ জন টি, বি রোগী চিকিৎসাধীন আছেন তার মধ্যে ৭৫ জন নিয়মিত চিকিৎসা করান। দৈনিক মাথা-পিছু ১৫ গ্রাম ঘি বিনামূল্যে তাদের মধ্যে বিতরণের জন্য এক সারকুলার দিয়ে বহরমপুর ডি, আর, এস থেকে ঐ ঘি এখানে পাঠিয়ে দেওয়া হয়। সেই হিসেবে প্রত্যেকের এক কেজি করে ঘি পাবার কথা। তার মধ্যে মাত্র ২০ কেজি ঘি এখন পর্যন্ত বিলি করে রোগীদের বলে দেওয়া হয়েছে, আর ঘি নাই। ঐ কর্মচারী ঘি-এর সুষ্ঠু বন্টনের জন্য ডাঃ মণ্ডলকে অনুরোধ জানাতে গিয়ে 'দলবাজ' আখ্যায় ভূষিত হন। রোগীরাও বার বার তদন্তের দাবিতে সোচ্চার হচ্ছেন। তাঁরা সন্দেহ করছেন, ঐ ঘি চোরাপথে পাচার করা হয়েছে। সর্বশেষ সংবাদ, ডি, এইচ, ও,; এ, সি, এম, ও, এইচ এবং ব্লক যুবকংগ্রেসের নেতৃস্থানীয় প্রতিনিধিদল গতকাল এ ব্যাপারে তদন্ত করতে গিয়ে ডাঃ মণ্ডলের কাছ থেকে সন্তোষজনক উত্তর অথবা কোন রকম হিসাবপত্র পাননি।

## ঘটনা-দুর্ঘটনা

ফরাক্কা থানার কাছে একটা বাগান থেকে গোপনসূত্রে খবর পেয়ে পুলিশ ২৬শে নভেম্বর ৩৩ রাউণ্ড রাইফেলের কার্তুজ উদ্ধার করে। সন্দেহ করা হচ্ছে উগ্রপন্থীরা ঐ বাগানে কার্তুজগুলি লুকিয়ে রেখেছিল। সেগুলি আটক করা হয়েছে।

সুতী থানার পুরাতন সরাইয়ে পাথর চাপা অবস্থায় মেরিনা খাতুন ( ১৪ ) নামে জনৈকা বালিকার মৃতদেহ উদ্ধার করা হয়েছে গত ২৫শে নভেম্বর। ময়না তদন্তে প্রকাশ, ধর্ষণ করার পর মেরিনাকে হত্যা করা হয়।

সাগরদীঘি থানার অনুপপুরে ৩৪নং জাতীয় সড়কে জনৈকা বৃদ্ধা ট্রাক চাপা পড়ে নিহত হয়েছেন গত ২৭শে নভেম্বর। ট্রাক অথবা চালকের পাত্তা পাওয়া যায় নি।

---

## নিলামের ইস্তাহার

**চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত**

নিলামের দিন ১০ই ডিসেম্বর, ১৯৭৩

১৭ স্বত্ব/৭১ ডিঃ এক্রামুল হক দেঃ বিভূতিভূষণ রায় দাবি ৬৬৩'৪৫ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইন্ধ্যা ৮০ শতকের কাত ২ টাকা আঃ ২০০৲ খং ৩৩২ রায়ত স্থিতিবান।

## মির্জাপুর সমাচার

**অন্ধকারে গ্রামবাংলা**—সারা মির্জাপুর অঞ্চলে গত কয়েকদিন যাবৎ ব্যাপক কেরোসিন সংকট দেখা দিয়েছে। সরকারী মূল্য বৃদ্ধির আগে থেকেই বাজার হতে কেরোসিন উধাও। লাইসেন্স হোল্ডারদের কাছে প্রশ্ন করেও কোন সদুত্তর পাওয়া যাচ্ছে না। কালোবাজারে দু'টাকা লিটার দরে সামান্য পাওয়া যায় তাও সকলের ভাগ্যে জোটে না। 'দাম নির্দ্দিষ্ট হয়নি' এই যুক্তিতে রেশন ডিলারের কাছ থেকে সাপ্তাহিক সামান্য বরাদ্দটুকুও গ্রামের দুর্দ্দশাগ্রস্ত মানুষ প্রাপ্তি হতে বঞ্চিত হয়ে অন্ধকারের মধ্যে নিষ্প্রদীপ অবস্থায় রাত কাটাচ্ছে।

**শিশু দিবস**—গত ২৪ই নভেম্বর শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবে শিশু দিবস উপলক্ষে সকালে প্রতিষ্ঠানের হোমিও দাতব্য চিকিৎসালয়ে রোগীদের ফল-বিস্কুট ও ফ্রি প্রাইমারী স্কুলের ছেলেমেয়েদের বাড়তি টিফিন বিতরণ করা হয়। বিকেলে ছোটদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা 'যা খুশি আঁকো' এবং কবাটি খেলা অনুষ্ঠিত হয়। খেলা শেষে শিশুদের মধ্যে লজেন্স-বিস্কুট বিতরণ করা হয়।

**মেলা**—কার্ত্তিক পূজো উপলক্ষে এখানে বিরাট মেলা হয়ে গেল। তিন দিন ধরে বিভিন্ন গ্রাম থেকে হাজার হাজার লোক মেলা উপলক্ষে এই গ্রামে সমবেত হয়েছিল।

**খেলাধূলা**—রঘুনাথগঞ্জ ১নং ব্লক স্পোর্টস এ্যাসোসিয়েশন আয়োজিত ফুটবল লীগে স্থানীয় নবভারত স্পোর্টিং ক্লাব ১২টি খেলায় ২৩ পয়েন্ট অর্জন করে অপরাজিত লীগ চ্যাম্পিয়নের গৌরব অর্জন করেছে।

## ডিষ্টিল্ ওয়াটার এ্যাম্পল উধাও

সাগরদীঘি, ২৩শে নভেম্বর—অন্যান্য জিনিসের সঙ্গে তাল রেখে আধুনিক চিকিৎসা শাস্ত্রের অন্যতম উপাদান ডিষ্টিল্ ওয়াটার বাজার থেকে উধাও হয়েছে। দাম বেড়েছে দ্বিগুণ, তাও পাওয়া যাচ্ছে না। ঐ এ্যাম্পলের প্রতিটির দাম ছিল পাইকারী চার পয়সা, খুচরো পাঁচ পয়সা। এখন দশ পয়সা দিয়েও একটা এ্যাম্পল পাওয়া যাচ্ছে না। একজন চিকিৎসক জানালেন, সরবরাহ কম থাকায় এই অবস্থার সৃষ্টি হয়েছে। ইনজেকসন প্রয়োজন এমন রোগীর ক্ষেত্রে এই অভাব মারাত্মক। সরবরাহ স্বাভাবিক না হলে চিকিৎসাক্ষেত্রে বিপর্যয় এসে পড়তে পারে। কাছাকাছি শহর জিয়াগঞ্জ, বহরমপুর এমন কি কলকাতাতেও নাকি ঐ এ্যাম্পল পাওয়া যাচ্ছে না বলে উক্ত চিকিৎসক জানালেন। স্বাস্থ্য কেন্দ্রেও প্রতিক্রিয়া শুরু হয়েছে বলে খবর পাওয়া গেল।

## সাংবাদিকের মাতৃবিয়োগ

কান্দী, ২০শে নভেম্বর—গত ১৫ই নভেম্বর কান্দী মহকুমার বিশিষ্ট সাংবাদিক শ্রীসত্যনারায়ণ রায়ের মা হৈমবতী দেবী পঁচাত্তর বছর বয়সে কলিকাতায় (পল্লীশ্রীতে) পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তিনি এক পুত্র ও এক কন্যা রেখে গিয়েছেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করছি।

## ভিন্ন চোখে ॥

### মাসান্তের কড়চা

মাস পয়লা পকেটে হাত দিয়ে দু'চোখে ফুলঝরি ঝরে। নিজেকে তখন মনে হয় এক দিগ্বিজয়ী সম্রাট। রেষ্টুরেন্ট, মিষ্টির দোকান আর সিনেমার সামনে ডিমের চপ ঘন ঘন হাতছানি দেয়। কিন্তু পরের দিন বাড়িওয়ালা ভাড়ার বিল নিয়ে আসে। গয়লা হাঁক মারে। মুদির দোকানের লোক আসে। ঠিকে ঝি পুঁটির মা পান চিবোতে চিবোতে সামনে এসে দাঁড়ায়। —'সামনের মাসে পাঁচ টাকা বকশিস চাই গো বড় মানুষের ছেলে।' ওর কাছে আমি চির দিন বড় মানুষের ছেলেই রয়ে গেলাম। অথচ এই খর্বকায় আমি, সত্যানন্দ, ক্রমাগত হ্যাজ হতে থাকি। শ্রীমতী সংবাদ দেয় খোকনের 'বেবিফুড' চাই। ওঁর ডিম্যাণ্ড বেশী নয়, কিন্তু এ মাসে একটা আটপৌরে শাড়ি না হলেই চলছে না। বাজারের পথে চায়ের দোকানের অমিয় বলে, 'সত্যবাবু আপনার হিসেবটা করাই আছে।' ষ্টেশনারী দোকানের কানাই পাল একটু নাক ঘুরিয়ে বলে, 'নমস্কার সত্যদা, ফেরার পথে একবার ইদিক দিয়ে যাবেন দয়া করে।'

অবশ্য জানি কানাই বাবু আমাকে দয়া করবেন। কারণ দয়া করেই তিনি (অন্যদের থেকে রেট একটু বেশী নিলেও) সারা মাস ধরে আমার চাহিদার যোগান সমানে দিয়ে যান।

কিন্তু বাজারের থলি হাতে নিয়ে ভেতরে ঢুকতেই আমার চক্ষু চড়ক গাছ। কারণ জিনিসপত্রের দাম এখন এভারেষ্টের মাথায় উঠেছে। আর আমি কিছুতেই তেনজিং নোরগে হতে পারছি না।

তাই পনেরো দিনের মধ্যেই পকেট ফাঁক। এবং আমি এখন ব্যোম ভোলানাথ। সুতরাং নাস্তিব কেবলম। চা-সিগারেটের বাবদে অমিয় দাস—'হেঁ-হেঁ।' ষ্টেশনারী দোকানের সত্তদার জন্যে কানাই পাল ওরফে কানাই বাবু—'হেঁ-হেঁ।' কেবলই 'হেঁ-হেঁ।'

এমন কি খেয়া পারের পারানির কড়িও থাকে না পকেটে। গৃহিণীর পোস্ত চচ্চড়ি, বেসনের বড়া আর বাজার ঘুরে পাকা আমড়ার অম্বলই সম্বল।

মাথার চুল বাড়ে, মুখে দাড়ি গজায়। একদিন অন্তর সেভ আর হয় না। অবশ্য লোকে ভাবে এ এক নতুন ফ্যাসান। বেঁচে গেছি মশাই। তরুণ রাজনৈতিক নেতাদের দাড়ি-জুলফি আর লম্বা চুলের মার্কামারা গণতন্ত্রের আমদানি হয়েছিল ভাগ্যিস।

তবু পাড়ার 'মডার্ণ টেলরে'র রমজান মিয়া সকাল-বিকেল বাজার অথবা অফিস-ফিরতি পথে এখনও বসতে বলেন। বিনা উদ্দেশ্যেই চা, জর্দা-পান আর চারমিনার অফার করেন। অবশ্য মাঝে মাঝে আত্মগতভাবে আপন মনেই বলেন: 'জানেন সত্যবাবু, শালার দেশটা আজ 'হিজড়ে' হয়ে গেল—সব শালা ইমপোটেন্ট।'

আমি বলি: 'হেঁ-হেঁ' রমজান মিয়া দশটা পয়সা হবে। মানিব্যাগটা বাড়ীতে ফেলে এসেছি—একবার ওপারে যেতে হবে।' —সত্যানন্দ

## ট্রাকের খোঁজ মিলেছে

(নিজস্ব সংবাদদাতা)

বহরমপুর, ২৬শে নভেম্বর—গত ২৬শে অক্টোবর রাত্রে চাল পাচারকারীদের হাতে যে ট্রাকে ছাত্রকর্মী সুবল দাস ধুলিয়ানে নিহত হয়, সেই ট্রাকের মালিকের খোঁজ পাওয়া গিয়েছে। কিন্তু ট্রাক অথবা চালকের পাত্তা পাওয়া যায়নি। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুর্শিদাবাদের জেলা-শাসক সম্প্রতি এই কথা জানিয়েছেন।

## পরলোকগমন

রঘুনাথগঞ্জ, ২৬শে নভেম্বর—গত ২০শে নভেম্বর রাত্রে হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে এই থানার ভূতপূর্ব ও, সি হরিমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় ৬১ বছর বয়সে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন পুত্র ও পাঁচ কন্যা রেখেগিয়েছেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারবর্গকে সমবেদনা জ্ঞাপন করছি।

## অর্চ্চনা উৎসব

অরঙ্গাবাদ, ২০শে নভেম্বর—গত ১৮ই নভেম্বর স্থানীয় বিশিষ্ট চিকিৎসক ডাঃ অশোক গুপ্তের গৃহে, পণ্ডিচেরী আশ্রমের শ্রীমার মহাপ্রয়াণে স্থানীয় অরবিন্দ কালচারাল সোসাইটীর সভ্যদের স্বরচিত কবিতা পাঠ, শ্রীঅরবিন্দ ও শ্রীমার জীবন দর্শনের উপর আলোচনা, গীতাপাঠ এবং সংগীতের মধ্যে দিয়ে অর্চ্চনা উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বহু বিশিষ্ট ভদ্রলোক ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন।


## জায়গা বিক্রয়

জঙ্গিপুর ফৌজদারী আদালতের সন্নিকটে ভদ্র পল্লীতে বাসোপযোগী সাত কাঠা জায়গা বিক্রয় হইবে। নিম্নে যোগাযোগ করুন।

নীলিমা সরকার
১২০/১, রামকৃষ্ণপুর লেন, পোঃ শিবপুর, হাওড়া-২
অথবা
শ্রীসুধীরকুমার মুখার্জী, রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরের মধ্যস্থলে ভদ্র পল্লীতে নয় শতক জায়গার উপর একটি সুন্দর দ্বিতল বাড়ী (বর্ত্তমানে সেটেলমেণ্ট অফিস অবস্থিত) বিক্রয় করা হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীঅজিতকুমার সিংহ
C/o. স্বর্গীয় ফণিভূষণ সিংহ
গ্রাম—মহম্মদপুর, পোঃ আদিকান্তনগর (মুর্শিদাবাদ)

—সকল প্রকার ঔষধের জন্য—

# নির্ণয় ও নিরাময়

রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

১ম পৃষ্ঠার পর [ পুলিশী তাণ্ডবে বাসুদেবপুর সন্ত্রস্ত ]

টাকা খরচ করেছেন। ভাইয়ের মৃত্যুতে দাদা আবুল কাশিমের উপর সংসারের ভার ন্যস্ত হয়েছে। আমাকে বললেন, কিছু ব্যবস্থা করুন।

পুলিশের গুলিতে ১৪ রাউণ্ডের মাথায় নিহত প্রতাপগঞ্জের অর্জ্জুন সরকার (২২)-এর বাড়ী যেতেই একটা টুল এগিয়ে দিলেন অর্জ্জুনের ভাগ্নে। জিজ্ঞাসাবাদ করে জানতে পারলাম অর্জ্জুন সি, পি, এম সমর্থক ছিল। ঘটনার দিন মিছিল নিয়ে বাসুদেবপুর গিয়েছিল শেষবারের মত। মা, দাদা, বৌদি, স্ত্রী এবং চার মাসের মেয়ে—এই নিয়ে তার সংসার। দৈনিক ১৮০০ বিড়ি বাঁধতো, সপ্তাহে ৩৫ টাকা মজুরী পেত। তার মৃত্যুর পর জি, আর-এর জন্য সামসেরগঞ্জ ব্লকে দরখাস্ত করেছে, এখনও পায়নি। অর্দ্ধাহারে দিন চলছে। মা পাগল প্রায়, স্ত্রী চার মাসের মেয়েকে মানুষ করার জন্য চিন্তিত। গ্রামবাসীরা অভিযোগ করলেন বনধের পর থেকে প্রতাপগঞ্জে পুলিশের অত্যাচার বেড়েছে। তার সঙ্গে গ্রামে চুরির ঘটনাও বৃদ্ধি পেয়েছে।

বাসুদেবপুর ষ্টেশনে যুব কংগ্রেসের আবদুল অজেদকে বন্‌ধ সম্পর্কে প্রশ্ন করতেই বললেন, ঐ দিন কংগ্রেসের কোন জীপ পুড়েনি, কেউ ছুরিকাহত হননি। ট্রেণ অবরোধকারীদের মধ্যে দলীয় প্রভাবের চাইতে সাধারণ মানুষই ছিল সংখ্যাগরিষ্ঠ। দোকানপাট বন্ধ রাখা হয়েছিল লুঠতরাজের ভয়ে। যুব-ছাত্রকর্মীরা 'বন্দেমাতরম্' ধ্বনি দিয়ে অবরোধের দিকে এগিয়ে যাবার সময় একজন পুলিশ অফিসার তাঁদের ফিরিয়ে দেন। তারপরই শুরু হয় লাঠিচালনা, কাঁদনে গ্যাস এবং গুলি। একটা চায়ের দোকানে পুলিশ হামলা চালায়। একজন শিক্ষক বললেন, গুলি চলেছিল ১৮ রাউণ্ড। ১৩ রাউণ্ড গুলি ছোড়া হয়েছিল আকাশের দিকে, ১৪ রাউণ্ডের মাথায় অর্জ্জুন সরকার এবং শেষ রাউণ্ডে এরাদত সেখ নিহত হয়। গুলিতে আহতদের একজনকে পাকুড় এবং আরও একজনকে নিমতিতা হাসপাতালে ভর্ত্তি করা হয়েছে। গ্রেপ্তার করা হয়েছিল ৩৮ জনকে। তার মধ্যে ১৯ জনকে জামিনে মুক্তি দেওয়া হয়েছে। তাদের উপর অমানুষিক নির্যাতন চালানো হয়েছে। একজনকে দেখলাম ইনজেকশন নিয়ে ডাক্তারখানা থেকে বেড়িয়ে আসতে। কামরূপ একসপ্রেসের চালকও ঐ দিন বি, এস, এফ বাহিনীর হাতে প্রহৃত হন। ফলে অবরোধমুক্ত হয়েও নিমতিতায় গিয়ে ট্রেণটিকে চালক থামিয়ে দেন এবং যাত্রীদের অনুরোধে রাত ৯ টার পর পুনরায় চালাতে শুরু করেন।

গতকাল পুলিশের আই, জি রণজিৎ গুপ্ত এসেছিলেন বাসুদেবপুর পরিদর্শনে। এসেছিলেন এম, পি শ্রীত্রিদিব চৌধুরী ( আর, এস, পি ) উপদ্রুত এলাকা পরিদর্শনে। গতকাল এক সাক্ষাৎকারে শ্রীচৌধুরী জানালেন, এম, এল, এ শীষমহম্মদ এবং দলের আরও কয়েকজনকে নিয়ে তাঁরা বাসুদেবপুর, নয়ালোহরপুর, বাগদাদনগর এবং প্রতাপগঞ্জে গিয়েছিলেন। শ্রীচৌধুরীর মতে গুলি চালাবার প্রয়োজন ছিল না। আজ তিনি এ ব্যাপারে পুলিশ সুপার এবং জেলা-শাসকের সঙ্গে কথা বলবেন এবং দিল্লী ফিরে গিয়ে প্রধান মন্ত্রীর সঙ্গেও যোগাযোগ করবেন।

---

## জনসভা, দরিদ্র-নারায়ণ সেবা

ফরাক্কা, ২৮শে নভেম্বর—শিশুকল্যাণ কেন্দ্র স্থাপন উপলক্ষে ঘোড়াইপাড়া রতিবালা প্রাইমারী স্কুল প্রাঙ্গণে শিক্ষক শ্রীভোলানাথ দুবের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয় গত ১৮ই নভেম্বর। সভায় প্রধান অতিথির আসন গ্রহণ করেন শ্রীনিশীথকুমার দাস। মুখ্য সেবিকা দীপালী রায়, প্রধান শিক্ষক সেখ বদরুল ইসলাম প্রমুখ বক্তা কেন্দ্রের প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত ভাষণ দেন। শিশুকল্যাণ কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয় কমিটি, অর্থ সংস্থান, জমি সংগ্রহ, গৃহনির্মাণ সম্পর্কে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত ঐ সভায় গৃহীত হয়।

ঐ দিন গুরুনানকের জন্মবার্ষিকী উপলক্ষে এখানে প্রায় দু'হাজার শিশুকে খাওয়ানো হয়। উৎসবে সকল সম্প্রদায়ের মানুষ অংশগ্রহণ করেন।

বাণী প্রকাশে'র দুঃসাহসিক প্রচেষ্টা
বিশ্বখ্যাত অর্থনীতিবিদ কার্ল মার্কসে'র
ক্যাপিটাল
গ্রন্থের সর্বপ্রথম সম্পূর্ণ বাংলা অনুবাদ।
প্রধান সম্পাদক: **অধ্যক্ষ পীযূষ দাশগুপ্ত** ॥ ৬ খণ্ডে সম্পূর্ণ। রেক্সিন বাঁধাই। প্রতিখণ্ডে অর্ধ সহস্রাধিকের মত পৃষ্ঠা থাকবে। গ্রাহক মূল্য প্রতিখণ্ড ১৫৲ টাকা। ৬৲ টাকা অগ্রিম জমা দিয়ে গ্রাহক হতে হবে। পরে প্রতিখণ্ড বই নেবার সময় ১৪৲ টাকা করে দিতে হবে। বই প্রকাশের তারিখ সংবাদপত্রে ঘোষিত হবে।
॥ প্যারীচাঁদ মিত্র সমগ্র রচনাবলী ॥
প্রধান সম্পাদক: **ডক্টর হরপ্রসাদ মিত্র**। 'আলালের ঘরের দুলাল' খ্যাত প্যারীচাঁদ মিত্র ওরফে টেকচাঁদ ঠাকুরের সমগ্র বাংলা ও ইংরাজী রচনাসহ দু'খণ্ডে সম্পূর্ণ। গ্রাহক মূল্য প্রতিখণ্ড ১০৲ টাকা। ৫৲ টাকা অগ্রিম দিয়ে গ্রাহক হ'তে হবে। মনোরম ছাপা, রেক্সিন বাঁধাই।
মণি-অর্ডার পাঠানোর এবং গ্রাহক হবার মূল কেন্দ্র:—
**বাণী প্রকাশ** ॥ এ/১২৯, কলেজ ষ্ট্রীট মার্কেট, কলকাতা-১২
শাখাকেন্দ্র: **ষ্টুডেণ্টস্ ফেভারিট**
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

খোকার জন্মের পর..
আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।
জবাকুসুম কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২
KALPANA J.K-96-B

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।